সাংবাদিকদের সাথে শৈলকুপার আওয়ামীলীগের মেয়র প্রার্থীর মতবিনিময়

ঝিনাইদহের শৈলকুপা পৌরসভার আওয়ামীলীগ মনোনিত প্রার্থী কাজী আশরাফুল আজমের সাথে শৈলকুপায় কর্মরত সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভা সোমবার বেলা ২টায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ইলেকট্রনিক ও প্রিনাট মিডিয়ার বেশ কয়েকজন সাংবাদিক তাদের বক্তব্য তুলে ধরেন।

পরে পৌর মেয়র প্রার্থী ও বর্তমান মেয়র কাজী আশরাফুল আজম তার বক্তব্যে বলেন, শৈলকুপা পৌর এলাকায় পুঞ্জীভূত সমস্যা সমাধানে আমি বদ্ধপরিকর। পৌর নাগরিকদের সার্বিক সুযোগ-সুবিধা প্রদানে কাজ করে যাচ্ছি। পানিবদ্ধতা নিরসন, যানজট, হাটবাজার উন্নয়ন, ড্রেনেজ সমস্যা দূরীকরণ, অবৈধ দোকানপাট ও স্থাপনা উচ্ছেদ, শিক্ষার উন্নয়ন এবং মাদকদ্রব্যের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণে আমি দৃঢ়প্রতিজ্ঞ। পৌর মেয়র আরো বলেন, দুর্নীতিমুক্ত একটি আধুনিক পৌরসভা গড়ার লক্ষ্যে কাজ করে যাচ্ছি। শৈলকুপা পৌরসভার সার্বিক উন্নয়নে আমি সমাজের বিভিন্ন পেশাজীবীর সহযোগিতা ও ভোট কামনা করছি, আমার অসমাপ্ত কাজগুলো আমি পুনরায় নির্বাচিত হলে সম্পন্ন করবো। আমি বিশ্বাস করি ভোটাররা আবারও আমাকে ভোট দিয়ে জয়যুক্ত করবে। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তরে তিনি আরও বলেন, আমি এই পৌরসভার প্রতিটি মানুষের অস্থিমজ্জ্বায় মিশে আছি। পরিশ্রম আমাকে আজ একটি ভালো স্থান দিয়েছে। নদী কেন্দ্রীক এই পৌর শহরকে সাজাতে একমাত্র সুষ্ঠ ও সুন্দর পরিকল্পনাই পারবে শেকর থেকে শিখরে নিয়ে যেতে। দল আমাকে সুযোগ দিয়েছে সেটাকে আরেকবার কাজে লাগাবো ইনশাআল্লাহ।উল্লেখ্য আগামী ১৬ই ডিসেম্বর ২য় ধাপে শৈলকুপা পৌরসভার নির্বচন অনুষ্ঠিত হবে।

গাংনী পৌরসভা নির্বাচন উপলক্ষে কৃষকলীগের কর্মীসভা

আসন্ন গাংনী পৌরসভা নির্বাচন উপলক্ষে কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকালে পৌর কৃষকলীগের উদ্যোগে অডিটরিয়াম হলে এ কর্মী সভা অনুষ্ঠিত হয়।

কর্মী সভায় সভাপতিত্ব করেন পৌর কৃষকলীগের সভাপতি বদরুল আলম বুদু।

এসময় জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক,সাবেক সংসদ সদস্য মো: মকবুল হোসেন,আওয়ামীলীগ মনোনীত মেয়র প্রার্থী আহমেদ আলী,কৃষক লীগ কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি মাহবুব আলম শান্তি,মেহেরপুর জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন,গাংনী উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম, পৌর আওয়ামীলীগের সভাপতি সানোয়ার হোসেন বাবলু, সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, উপজেলা যুবলীগের সভাপতি মোশারফ হোসেন,

গাংনী উপজেলা কৃষকলীগের সভাপতি মোশারফ হোসেন, সাধারণ সম্পাদক আতিয়ার রহমান, গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি প্রভাষক রিয়াজ আহমেদ, তহিদুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক আমজাদ হোসেন, সাবেক সাধারণ সম্পাদক বিপ্লব হোসেন সহ সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। জেলা কৃষকলীগের সাংগঠনিক সম্পাদক মশিউর রহমান পলাশের সঞ্চালনায় পৌর কৃষকলীগের ৯ টি ওয়ার্ডের সভাপতি ও সাধারণ সম্পাদক বৃন্দ বক্তব্য দেন এবং নৌকা কে বিজয়ী করার জন্য শপথ নেন।

হরিণাকুণ্ডু পৌরসভার নৌকার

প্রার্থী মনোনিত হলেন ফারুক হোসেন

সকল জল্পনা কল্পনার অবসান ঘটিয়ে হরিণাকুণ্ডু পৌরসভার নৌকার প্রার্থী হিসেবে মনোনিত হলেন হরিণাকুণ্ডু পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ফারুক হোসেন।

শনিবার সন্ধ্যা ৬টায় আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ের মনোনয়ন কমিটির সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়।

ঝিনাইদহ আওয়ামী লীগের একটি নির্ভরযোগ্য সূত্র এই তথ্য নিশ্চিত করেন।

এছাড়াও কোটচাঁদপুর পৌরসভায় আওয়ামী লীগের দলীয় প্রার্থী হিসেবে মোঃ শাহাজান আলী কে মনোনয়ন দেওয়া হয়েছে বলেও সূত্রটি জানান।

মেহেরপুরে যুব প্রজন্মলীগের বিরুদ্ধে জেলা তাঁতীলীগের সংবাদ সম্মেলন

মেহেরপুর জেলা তাঁতীলীগের বিরুদ্ধে যুব প্রজন্মলীগের সাধারণ সম্পাদক ও সাংগঠনিক সম্পাদক কুটউক্তি করায় সংবাদ সম্মেলন করেছে জেলা তাঁতীলীগ। বুধবার সন্ধায় জেলা তাঁতীলীগের কার্যালয়ে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে বক্তব্য দেন মেহেরপুর জেলা তাঁতীলীগের সদস্য সচিব জুয়েল রানা। এ সময় তিনি বলেন, গত সোমবার মুজিবনগর উপজেলা যুব প্রজন্মলীগের কমিটি ঘোষনা করার সময় জেলা কমিটির সাধারণ সম্পাদক জাহিদ হাসান ও সাংগঠনিক সম্পাদক খাইরুল ইসলাম জেলা তাঁতীলীগের বিরুদ্ধে বিভিন্ন অশালিন বক্তব্য দেন।

এতে জেলা তাঁতীলীগের ভাবমূর্তি ক্ষুন্ন করার চেষ্টা করেছে। আমরা জেলা তাঁতীলীগের পক্ষ থেকে এ ধরনের ঘটনার তিব্র দিন্দা জানাচ্ছি। সেই সাথে জেলা আওয়ামীলীগ ও প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করছি। যাতে করে এই ধরনের ঘটনা না ঘটে, সেই ব্যবস্থা করবেন।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন জেলা তাঁতীলীগের আহবায়ক নুর ইসলাম সুবাদ, তাঁতীলীগ নেতা টিটন সহ তাঁতীলীগের বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা।

মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেওয়ায় মুজিবনগর আওয়ামী লীগের আনন্দ মিছিল

মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য, জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেনের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করে আনন্দ মিছিল করেছে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগ।

বুধবার বিকালে কেদারগঞ্জ বাজার চাররাস্তার মোড় থেকে এ মিছিলটি বের করা হয়।

মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলুর নেতৃত্বে মিছিলটি শড়রের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে বল্লভপুর মোড় থেকে মানিকনগর গ্রামের মধ্যে দিয়ে পুনরায় কেদারগঞ্জ বাজার প্রাঙ্গনে এসে শেষ হয়।

এ সময় মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ূব হোসেন, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ, দারিয়াপুর ইউপি চেয়ারম্যান তৌফিকুল বারী বকুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সদস্য তোতা, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মজিবার রহমান মধু, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম,

দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুস্তাকিম হক খোকন,

মোনাখালী ইউনিয়ন আওয়ী লীগের সভাপতি রফিকুল ইসলাম অপাগাইন, মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সভাপতি গোলাম মোস্তফা, মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদু, উপজেলা শ্রমীক লীগের সভাপতি আবুল কালাম আজাদ, উপজেলা যুবমহিলা লীগের সাধারণ সম্পাদক তহমিনা খাতুন,

জেলা পরিষদের সদস্য শাহীন উদ্দীন, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধন, উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দীন লাভলু, সাধারণ সম্পাদক শেখ সাকিব, মুজিবনগর সরকারী ডিগ্রি কলেজের সাবেক সভাপতি সাহওয়ালীউল্লাহ সোহাগ, সহ আওয়ামী লীগ সংগঠনের নেতাকর্মীরা উক্ত বিক্ষোবে অংশ নেন।

পরে রয়েল কাউন্টারের সামনে এক সমাবেশের আয়োজন করা হয়।

শৈলকুপায় আওয়ামী লীগ নেতার বাড়ি থেকে বিপুল পরিমাণ দেশীয় অস্ত্র উদ্ধার: আটক ২

ঝিনাইদহের শৈলকুপায় আওয়ামী লীগ নেতা ও ইউপি চেয়ারম্যানের বাড়ি থেকে বিপুল পরিমাণ দেশীয় অস্ত্র উদ্ধার করেছে পুলিশ। এসময় আটক করা হয়েছে ২ কারিগরকে।

শৈলকুপা উপজেলার ১০নং বগুড়া ইউনিয়নের চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলামের বগুড়া গ্রামের বাড়ি থেকে গতকাল এসব উদ্ধার করা হয়। উদ্ধার করা দেশীয় অস্ত্রের মধ্যে রয়েছে ৪৭টি সড়কি, ১৯টি ঢাল ও ১১/১৩ কেজি বেতসহ এসব তৈরির অন্যান্য সরঞ্জাম।

এলাকাবাসী ও পুলিশ জানিয়েছে, শৈলকুপা উপজেলার বগুড়া ইউনিয়নে প্রায়শ্বই দেশীয় অস্ত্র ঢাল-সড়কি, তরবারি নিয়ে হানাহানি ও ক্যাইজা-দাঙ্গা চলে আসছে। গ্রাম্য দলাদলী, জমি নিয়ে বিরোধ ও আধিপত্য বিস্তার নিয়ে এসব অস্ত্র-শস্ত্র ব্যবহার করা হয়। এতে করে

হতাহত, বাড়িঘর-ভাঙচুর, লুটপাট ও আইনশৃঙ্খলার অবনতি ঘটে আসছে।

শৈলকুপায় পৌর নির্বাচন, উপজেলা পরিষদ নির্বাচন ও ইউপি নির্বাচনকে সামনে রেখে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে তৎপর রয়েছে থানা পুলিশ। গোপন সংবাদের ভিত্তিতে থানা পুলিশের সহযোগীতায় শৈলকুপার হাটফাজিলপুর ক্যাম্প পুলিশ গতকাল এক অভিযানে নেমে এসব দেশীয় অস্ত্র উদ্ধার করতে সক্ষম হয়।

শৈলকুপার হাটফাজিলপুর পুলিশ ফাঁড়ির আইসি এসআই ফারুক হোসেন জানান, বগুড়া ইউনিয়নের চেয়ারম্যান নজরুল ইসলামের বগুড়া গ্রামের পুরাতন বাড়ি থেকে এসব দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়েছে। এসময় ২জন কারিগরকে ঘটনাস্থল থেকে আটক করা হয়।

এদিকে এ ঘটনা সম্পর্কে শৈলকুপার বগুড়া ইউনিয়নের চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা নজরুল ইসলামের সাথে বারবার যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি তার মোবাইল ফোন রিসিভ করেননি।

ভাস্কর্য ভাঙায় অভিযুক্ত যুবলীগ সভাপতি বহিষ্কার

কুষ্টিয়ার বিপ্লবী বাঘা যতীনের ভাস্কর্য ভাঙায় জড়িত থাকার অভিযোগে দল থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে কুমারখালী উপজেলার কয়া ইউনিয়ন যুবলীগের সভাপতি আনিচুর রহমান আনিচকে।

গতকাল শনিবার বিকেলে উপজেলা যুবলীগের দপ্তর সম্পাদক মনোয়ার হোসেন এ তথ্য নিশ্চিত করেন।

তিনি বলেন, রাষ্ট্রবিরোধী কর্মকান্ডে জড়িত থাকার অপরাধে কয়া ইউনিয়ন যুবলীগের সভাপতি আনিচুর রহমান আনিচকে দল থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে।

উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক মনির হাসান রিন্টু বলেন, যুবলীগ কোনো রাষ্ট্রবিরোধী কর্মকান্ডে জড়িত থাকতে পারে না। ব্যাপারটি ক্ষতিয়ে দেখতে ইতোমধ্যে পাঁচ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি

কুষ্টিয়ায় বাঘা যতীনের ভাস্কর্য ভাঙচুর, ৩ যুবলীগ নেতা গ্রেপ্তার

কুষ্টিয়ার কুমারখালীতে ব্রিটিশবিরোধী আন্দোলনের অন্যতম বিপ্লবী নেতা বাঘা যতীনের ভাস্কর্য ভাঙচুরের ঘটনায় তিন জনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

শনিবার দুপুরে কুষ্টিয়া পুলিশ সুপারের কার্যালয়ে সংবাদ সম্মেলন করে এ তথ্য জানান কুষ্টিয়ার পুলিশ সুপার (এসপি) তানভীর আরাফাত।

সংবাদ সম্মেলনে তিনি জানান, কয়া মহাবিদ্যালয়ের কমিটি নিয়ে বর্তমান সভাপতির সঙ্গে স্থানীয় একটি গ্রুপের দ্বন্দ্ব চলছিলো বেশ কিছুদিন ধরে। এরই জের ধরে বৃহস্পতিবার (১৭ ডিসেম্বর) রাত ১টার সময় কয়া ইউনিয়নের যুবলীগ সভাপতি আনিসুর রহমানের নেতৃত্বে চারজন মিলে বাঘা যতীনের ভাস্কর্য ভাঙচুর করে। বাঘা যতীনের ভাস্কর্যের নাক ও ডান গালের কিছু অংশ ক্ষতবিক্ষত করে।নৈশপ্রহরী খলিলুর রহমান এটি দেখে ফেলেন এবং পুলিশের কাছে জবানবন্দিতে এ কথা জানান তিনি।

বিভিন্ন তথ্য উপাত্তের ভিত্তিতে শনিবার (১৯ ডিসেম্বর) সকালে কয়া ইউনিয়ন যুবলীগের সভাপতি আনিসসহ সংগঠননের সদস্য সবুজ হোসেন (২০) ও হৃদয় আহমেদ (২০) কে গ্রেপ্তার করা হয়।

তবে ইউনিয়ন যুবলীগের সাধারন সম্পাদক শাহীনুর ওরফে বাচ্চু নামের আরেকজন এখনো পলাতক রয়েছে বলেও জানান পুলিশের এই কর্মকর্তা।

এর আগে ভাঙচুরের ঘটনায় কুমারখালী থানায় বিশেষ ক্ষমতা আইনে মামলা করেছেন কয়া মহাবিদ্যালয়ের অধ্যক্ষ হারুন উর রশিদ।

প্রসঙ্গত, মাত্র ৩৬ বছর বয়সে ১৯১৫ সালের ১০ সেপ্টেম্বর ইংরেজ

বাহিনীর সঙ্গে সম্মুখযুদ্ধে নিহত হন বিপ্লবী বাঘা যতীন।

ব্রিটিশ ভারতে বাঙালিসহ ভারতবর্ষের সব জাতিসত্তার স্বাধীনতার সংগ্রাম ছিল এক সূত্রে গাঁথা। প্রধান লক্ষ্য ছিল ইংরেজদের বিতাড়ন করা। আর ইংরেজ ঔপনিবেশিক শাসকদের বিরুদ্ধে যারা স্বাধীনতার জন্য সশস্ত্র সংগ্রাম করেছেন, যাদের আত্মদান ইংরেজ শাসকদের বুকে কাঁপন ধরিয়েছে, তাদের অন্যতম বিপ্লবী যতীন্দ্রনাথ মুখোপাধ্যায়।

যিনি ‘বাঘা যতীন’ নামে বেশি পরিচিত। দেশমাতৃকার প্রতি গভীর ভালোবাসা ও দায়বদ্ধতা, অপরিসীম সাহস ও শৌর্যবীর্য তাকে অগ্নিযুগের বিপ্লবীদের প্রথম সারিতে স্থান দিয়েছে।

এমপির স্বাক্ষরে কমিটি, আওয়ামী লীগ বলছে গঠনতন্ত্র পরিপন্থী

দলীয় গঠনতন্ত্র অমান্য করে ঢাকা-৫ আসনের এমপি কাজী মনিরুল ইসলাম মনু ৬৭ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের কমিটি অনুমোদন করেছেন। গঠনতন্ত্রবিরোধী কাজে জড়িত থাকায় ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগের সভাপতি আবু আহমেদ মন্নাফী এ কমিটি অবৈর্ধ, গঠনতন্ত্র পরিপন্থী জানিয়ে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথা জানিয়েছেন। তবে কাজী মনিরুল ইসলাম মনু এটাকে উন্নয়ন কমিটি দাবি করে বলেছেন, আমি যে উন্নয়ন করব, তাদের মাধ্যমে করা হবে।

জানা গেছে, গত ১২ নভেম্বর উপনির্বাচনে ঢাকা-৫ আসনে আওয়ামী লীগের প্রার্থী মুক্তিযোদ্ধা কাজী মনিরুল ইসলাম মনু বিজয়ী হন। এরপর থেকেই প্রয়াত সংসদ সদস্য (এমপি) হাবিবুর রহমান মোল্লার অনুসারীদের কোণঠাসা করতে তৎপর হয়ে ওঠেন বলে অভিযোগ উঠেছে। তিনি বিএনপি-জামায়াতের লোকজনকে সঙ্গে নিয়ে ‘এমপি লীগ’ গঠনে মরিয়া হয়ে উঠেছেন বলেও অভিযোগ এলাকাবাসীর। দলের গঠনতন্ত্রে না থাকলেও তিনি ডেমরা থানার ৬৭ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের কমিটি অনুমোদন করেছেন।

৩০ নভেম্বর এমপি স্বাক্ষরিত কমিটিতে আহ্বায়ক করা হয়েছে আবদুল

আজিজ প্রধানকে। চারজন যুগ্ম আহ্বায়ক করা হয় জয়নাল আবেদীন, চাঁন মিয়া, নাজির আহমেদ চৌধুরী ও মোয়াজ্জেম হোসেনকে। সদস্য সচিব করা হয়েছে হাজী সামসুদ্দিন খানকে। তিনজনকে করা হয়েছে যুগ্ম সদস্য সচিব। তারা হলেন, শাহাদাত হোসেন মোল্লা, আবদুর রব ও আজিজুর রহমান। এই কমিটি গঠনের পর থেকে স্থানীয় আওয়ামী লীগ নেতা-কর্মীদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়া দেখা দিয়েছে।

এ প্রসঙ্গে ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আবু আহমেদ মন্নাফী বাংলাদেশ প্রতিদিনকে বলেন, ঢাকা-৫ আসনের এমপি ৬৭ নম্বর ওয়ার্ড কমিটি অনুমোদনের তথ্য পেয়েছি। একজন এমপি কোনোভাবেই ওয়ার্ড কমিটি অনুমোদন দিতে পারেন না। এটা গঠনতন্ত্রবিরোধী ও দলের শৃঙ্খলা ভঙ্গের শামিল। ঢাকা মহানগরে ওয়ার্ড কমিটি অনুমোদন কেবল মাত্র মহানগরের সভাপতি-সাধারণ সম্পাদক ও সংশ্লিষ্ট থানার সভাপতি-সাধারণ সম্পাদক অনুমোদন করে থাকেন। এখানে গঠনতন্ত্রবিরোধী কাজ করা হয়েছে।

সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে। এ প্রসঙ্গে কাজী মনিরুল ইসলাম মনু বাংলাদেশ প্রতিদিনকে বলেন, ‘আসলে ওটা আওয়ামী লীগের কমিটি নয়, উন্নয়ন কমিটি। আমি যে উন্নয়ন করব, তাদের মাধ্যমে করব।’ ‘প্যাডে লেখা আওয়ামী লীগ’ বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, লেখাটা ভুল ছিল। ওদের বলেছি, সংশোধন করে নিয়ে আসতে।’

নাম প্রকাশ না করার শর্তে মহানগরের একাধিক নেতা জানান, রাজধানীতে ১৮ জন জনপ্রতিনিধি রয়েছেন, কেউ এমপি লীগ বা উন্নয়ন কমিটি গঠন করেনি। কাজী মনিরুল ইসলাম এমপি হয়েই দীর্ঘদিন ধরে যারা দল করছেন কিন্তু অন্যের অনুসারী ছিলেন তাদের কোনঠাসা করার মিশনে নেমেছেন। এতে করে দলের অভ্যন্তরে সংকট সৃষ্টি হচ্ছে।

গাংনী পৌর নির্বাচন:: নৌকা পেলেন আহম্মেদ আলী, ধানের শীষ

আসাদুজ্জামান বাবলু

মেহেরপুরের গাংনী পৌরসভা নির্বাচন আগামি ১৬ জানুয়ারি। নির্বাচনে ক্ষমতাসীন আওয়ামী লীগ ও বিএনপি তাদের দলীয় প্রার্থী মনোনয়ন দিয়েছে। আওয়ামী লীগ মনোনয়ন পেয়েছেন সাবেক মেয়র আহম্মেদ আলী এবং বিএনপিতে মনোনয়ন পেযেছেন গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু।
আজ শুক্রবার আওয়ামী লীগ ও বিএনপির মনোনয়ন বোর্ড পৃথকভাবে তাদের মনোনয়নের বিষয়টি নিশ্চিত করেছেন।